রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারী ২০, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পূর্ত মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

ঢাকা, ৮ই ফাল্গুন, ১৩৯৬/২০শে ফেব্রুয়ারী, ১৯৯০

নং এস, আর, ও ৭৭-আইন/৯০—Bangladesh Abandoned Property (Buildings in the Urban Areas) Rules, 1972 এর rule 9 (2) এর বিধান মোতাবেক সরকার এতদসংক্রান্ত সকল প্রজ্ঞাপন বা প্রজ্ঞাপনের সংশ্লিষ্ট অংশ বাতিল করিয়া ঢাকা মিউনিসিপ্যাল কর্পোরেশন ও নারায়ণগঞ্জ পৌর এলাকার জন্য একটি পরিত্যক্ত ইমারত ব্যবস্থাপনা বোর্ড গঠন করিল, যথা :—

(১) কমিশনার, ঢাকা বিভাগ, যিনি উহার চেয়ারম্যানও হইবেন ;

(২) অতিরিক্ত কমিশনার (পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা), যিনি উহার সচিবও হইবেন ;

(৩) জেলা প্রশাসক, ঢাকা ;

(৪) জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ ;

(৫) উপ-কমিশনার (পতন) ;

(৬) ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনারের মনোনীত একজন উপ-কমিশনার (পুলিশ) ;

(৭) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত অন্যূন পরিচালক পদমর্যাদা সম্পন্ন উহার একজন কর্মকর্তা ;

(৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল, ঢাকা ;

(৯) সচিব, ঢাকা মিউনিসিপ্যাল কর্পোরেশন।



মূল্য : ৩০ পয়সা

২। প্রথম অনুচ্ছেদ অনুযায়ী গঠিত পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড, ঢাকা Bangladesh Abandoned Property (Control, Management and Disposal) Order, 1972 (P O. No. 16 of 1972) এবং তদধীন প্রণীত বিধি এবং সরকার কর্তৃক সময় সময় প্রদত্ত আদেশ বা জারীকৃত নির্দেশ অনুযায়ী ঢাকা মিউনিসিপ্যাল কর্পোরেশন ও নারায়ণগঞ্জ পৌর এলাকায় অবস্থিত পরিত্যক্ত বাড়ীর ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ ও হস্তান্তর-জনিত দায়িত্ব পালন করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আয়ুবুর রহমান চৌধুরী
সচিব।

মোঃ শফিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।